গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ
belkuchi.sirajgnj.gav.bd

স্মারক নং ঃ ০৫.৪৩.৮৮১১.০০১.৩৩.০০৫.২০- ৩১১

তারিখ ঃ ১৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ.
২৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

## হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ তারিখ ২১/০৯/২০১১ ইং এর মাধ্যমে সরকারী হাট-বাজার সমূহের ইজারা পদ্ধতি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাপ্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী বেলকুচি উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত এবং উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্ন তফশীল বর্ণিত হাট-বাজার সমুহ বাংলা ১৪২৮ সনের জন্য ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে বর্ণিত শর্ত স্বাপেক্ষে পৃথক পৃথক ভাবে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী দরদাতাগণ দরপত্র ফরম জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করতে পারবেন। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত দিনে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐদিন দুপুর ০২.০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

উল্লেখ্য যে, দরপত্র দাতাকে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ বিডি/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। অনুমোদিত দরপত্র দাতাকে দরপত্র গৃহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ (৭৫%) জমা দিতে হবে এবং ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, কোন কারণ দর্শানো ব্যতিত যে কোন দরপত্র কর্তৃপক্ষ গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র দাখিলের তারিখ, সময়সূচী এবং হাট- বাজারের নাম সমূহ নিম্নরূপঃ

| ক্রঃনং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | পূর্ববর্তী ৩বছরের ইজারার গড় মূল্যের ৬% বৃদ্ধি (সরকারি মূল্য) | সিডিউলের মূল্য (অফেরত যোগ্য) | দরপত্র দাখিলের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম পর্যায় | ২য় পর্যায় | ৩য় পর্যায় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | মুলকান্দি হাট | বেলকুচি | ১৬৩৩/- | ৫০০/- | " | ০৮/০৩/২০২১ | ২৩/০৩/২০২১ |
| ২ | রানিপুরা নতুন বাজার | " | ৮৩২/- | ৫০০/- | " | " | " |
| ৩ | তামাই পশ্চিমপাড়া নতুন হাট | ভাঙ্গাবাড়ী | ৫২০৪৭/- | ৫০০/- | " | " | " |
| ৪ | সগুনা নতুন হাট | " | ১৩৪১/- | ৫০০/- | " | " | " |
| ৫ | দৌলতপুর হাটবাজার | দৌলতপুর | ১৭০৭২৯/- | ১০০০/- | " | " | " |
| ৬ | বারুপুর হাট | " | ১৬৫৭/- | ৫০০/- | " | " | " |
| ৭ | পেস্তক সালাম মার্কেট | " | ৮৫৪৭১/- | ৫০০/- | " | " | " |
| ৮ | মতি মার্কেট দৈন্দিক বাজার | " | ১৬৬০৩৪/- | ১০০০/- | " | " | " |
| ৯ | কলাগাছি হাট-বাজার | " | ৫৭০১/- | ৫০০/- | " | " | " |
| ১০ | ক্ষিদ্রচাপড়ী/গাছচাপড়ী হাট-বাজার | বড়ধুল | ৮৮৮/- | ৫০০/- | " | " | " |

ইজারা সংক্রান্ত অন্যান্য তথ্য নিম্নসাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন জানা যাবে।

## শর্তাবলী

১। বাংলা ১৪২৮ সালের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪২৮ সাল পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। আগ্রহী দরপত্রদাতাগণ জেলা প্রশাসকের কার্যালয়ে, সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র দাখিল করতে পারবে এবং ঐ দিন দুপুর ২.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের (যদি কেহ উপস্থিত থাকে ) দরপত্র বাক্স খোলা হবে।

৩। দরপত্র দাতাকে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে বিডি/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি বরাবরে **দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত** থাকবে। অনুমোদিত দরপত্র দাতাকে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে এবং দরপত্র গৃহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সমূদয় অর্থ ৭৫% জমা দিতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে ।

৬। এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত সিডিউল অন্য দফার জন্য ব্যবহার করা যাবে না ।

৭। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না ।

৮। দরপত্রে উল্লেখিত দরপত্র দাতার নাম, পিতার নাম ও পূর্ন ঠিকানা, মোবাইল নং সহ স্বাক্ষর করতে হবে এবং দরপত্রে উল্লেখিত ইজারা মূল্য অংকে ও কথায় সুস্পষ্ট ভাবে লিখতে হবে।

৯। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১০। ইজারার সমস্ত অর্থ ভ্যাট আয়কর সহ পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পের ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্নতা না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে প্রদেয় জামানত হতে মিটানো হবে এবং বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে ।

**১৩। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক** টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

১৪। চুক্তি পত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৬। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধি বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন সময়ে ইজারার বিষয়ে কোন নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

১৭। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবি আদায় আইন অনুযায়ি সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ আনিসুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ

স্মারক নং ঃ ০৫.৪৩.৮৮১১.০০১.৩৩.০০৫.২০ (৬১২)

তারিখ ঃ ১৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ.
২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক), সিরাজগঞ্জ
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ

<u>অনুলিপি কার্যার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ</u>

৯। মেয়র, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ
১০। উপজেলা নির্বাহী অফিসার--------------------(সকল), সিরাজগঞ্জ
১১। সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ
১২। উপজেলা.......................................অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ
১৩। অফিসার ইনচার্জ, বেলকুচি/এনায়েতপুর থানা, সিরাজগঞ্জ
১৪। চেয়ারম্যান..............................ইউ,পি (সকল) বেলকুচি, সিরাজগঞ্জ
১৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা, বেলকুচি, সিরাজগঞ্জ
১৬। পোষ্ট মাস্টার, বেলকুচি, সিরাজগঞ্জ
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...............................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ। তার এলাকায় হাট-বাজার সমূহের ব্যাপক ঢোল সহরতের মাধ্যমে প্রচার পূর্বক জারির প্রতিবেদন দরপত্র গ্রহণের তারিখের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য বলা হলো ।
১৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, **উপজেলা কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে দেয়ার জন্য অনুরোধ করা হলো।**
১৯। সম্পাদক, দৈনিক মানব জমিন / দৈনিক যমুনা প্রবাহ পত্রিকা। অত্র বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে বিজ্ঞপ্তি প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে ১ (এক) দিনের জন্য প্রকাশ করত সৌজন্য কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
২০। জনাব ------------------------------------ইজারাদার ১৪২৭ বাংলা সনের------------------------হাট-বাজার, বেলকুচি, সিরাজগঞ্জ
২১। নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ